# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৭৫

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয়ের শর্তসমূহ

بَابٌ فِى الْبَيْعِ الْمَشْرُوْطِ

## আরবী

عَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنِ ابْتَاعَ نَخْلًا بَعْدَ أَنْ تُؤَبَّرَ فَثَمَرَتُهَا لِلْبَائِعِ إِلَّا أَنْ يَشْتَرِطَ الْمُبْتَاعُ وَمَنِ ابْتَاعَ عَبْدًا وَلَهُ مَالٌ فَمَالُهُ لِلْبَائِعِ إِلَّا أَنْ يَشْتَرِطَ الْمُبْتَاعُ» . رَوَاهُ مُسلم وروى الْبُخَارِيّ الْمَعْنى الأول وَحده

## বাংলা

২৮৭৫-[১] ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে লোক তা’বীর করার পর কোনো খেজুর বাগান ক্রয় করবে, সেক্ষেত্রে ঐ বাগানের বিক্রেতারা মালিকানা পাবে। তবে যদি ক্রেতা শর্তারোপ করে, তখন ক্রেতাই পাবে। যদি কেউ কোনো ক্রীতদাস ক্রয় করে এবং ঐ ক্রীতদাসের কিছু মাল রয়েছে, সেই মাল বিক্রেতার হবে। অবশ্য যদি ক্রেতা শর্তারোপ করে নেয়। (মুসলিম; আর বুখারী শুধু প্রথম অংশ বর্ণনা করেছেন)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৩৭৯, মুসলিম ১৫৪৩, নাসায়ী ৪৬৩৬, তিরমিযী ১২৪৪, ইরওয়া ১৩১৪, সহীহ আল জামি‘ ৫৯২৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যা : এ হাদীস থেকে প্রতীয়মান হয় যে, ব্যবসায়িক চুক্তির চাহিদায় বাধা সৃষ্টি করবে না- এমন শর্তারোপ করা বৈধ। এ হাদীসে দলীল রয়েছে যে, খেজুর কিংবা অন্যান্য ফলের গাছে তা‘বীর করা বৈধ। আর এ বৈধতার উপর ‘উলামাগণের ইজমা রয়েছে। তবে তা‘বীর করার পরে কিংবা পূর্বে খেজুর গাছ বিক্রি করলে উক্ত গাছের ফল বিক্রির অন্তর্ভুক্ত হবে কিনা- এ ব্যাপারে ‘উলামাগণের মাঝে ইখতিলাফ রয়েছে। ইমাম মালিক, শাফি‘ঈ, আল লায়স এবং অধিকাংশ ‘উলামাগণের মতে খেজুর গাছ যদি তা‘বীর করার পর বিক্রি করা হয় তবে ফল বিক্রেতার

মালিকানায় থাকবে। আর ক্রেতা যদি এ বলে শর্ত করে যে, আমি গাছ ও গাছের ফলসহ ক্রয় করলাম তবে ফল ক্রেতার বলে গণ্য হবে। আর বিক্রেতা যদি ফল নিজের হওয়ার শর্তারোপ করে, তবে এটা শাফি‘ঈ ও অধিকাংশ ‘আলিমগণের মতে বৈধ হবে। ইমাম আবূ হানীফার মতে গাছ তা‘বীর করার আগে কিংবা পরে বিক্রি করলে ফল সর্বাবস্থায় বিক্রেতার বলে গণ্য হবে। (ফাতহুল বারী ৫ম খন্ড, হাঃ ২৩৭৯; শারহে মুসলিম ১০ম খন্ড, হাঃ ১৫৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68202

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন